

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
(সাধারণ শাখা)
www.tangail.gov.bd

২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী:

সভাপতি	:	ড. মোঃ আতাউল গনি, জেলা প্রশাসক, টাঙ্গাইল
তারিখ	:	২৯ সেপ্টেম্বর ২০২২
সময়	:	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	:	সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তালিকা

উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ করা হয়। সভায় জানানো হয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করে। এ কৌশলের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সে লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২২-২০২৩ প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্ম পরিকল্পনার আলোকে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে সুশাসন প্রতিষ্ঠার জন্য বিভাগীয় পর্যায়ে সকল কর্মকর্তাদের নির্দেশনার প্রদান করা হয়। প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপরোক্ত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।


সিদ্ধান্ত ১: একাধিকায়ন হতে অংশীজন সংক্রান্ত সভার গণবিজ্ঞপ্তি জারী করা হবে। এবং তা ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাতে করে জনসাধারণ উক্ত সভায় অংশগ্রহণ করতে পারে।

সিদ্ধান্ত ২ : একাধিকায়নে জেলার অন্যান্য বিভাগীয় কার্যালয়ের তথ্যাদি দ্রুত প্রেরণের জন্য প্রয়োজনীয় তথ্যাদি এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের অংশীজনের অংশগ্রহণে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সভা আয়োজন, কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রনয়ণ, বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইলকে অনুরোধ করতে হবে।

সিদ্ধান্ত ৩: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা প্রবিধানমালা ২০১০, তথ্য প্রকাশ ও প্রচার বিধিমালা ২০১০ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি নিশ্চিত করার লক্ষ্যে সরকারি/বেসরকারি বিভিন্ন সভায়/ অনলাইন সভা/ সমাবেশে এ বিষয়টি অন্তর্ভুক্ত করে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়

সিদ্ধান্ত ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম –পরিকল্পনা ও বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেক ওয়েব পোর্টাল ব্যবহারের সুবিধার্থে এবং তথ্য প্রদান ও প্রাপ্তির জন্য সহজতর করতে হবে। এবং নিজ নিজ কার্যালয়ের তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্মকর্তা এবং তাদের নাম, পদবিসহ অন্যান্য তথ্যাদি নিজ নিজ ওয়েব সাইটে/ বিলবোর্ড/ নোটিশ বোর্ডে প্রকাশ করে হাল নাগাদ করতে হবে।

এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রোগ্রামার, আইটিসেল, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইলকে অনুরোধ করা হয় সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়


ড. মোঃ আতাউল গনি
জেলা প্রশাসক
টাঙ্গাইল

ফোন: ০২৯৯৭৭১৪৯০২

E-mail: dctangail@mopa.gov.bd

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

স্মারক নং-০৫.৪১.৯৩০০.০০৭.০০১.০০৫.২১ ৬৪২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

২। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, টাঙ্গাইল

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/ শিক্ষা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/ উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল

৪। সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল


ড. মোঃ আতাউল গনি
জেলা প্রশাসক
টাঙ্গাইল